দৈনিক ইত্তেফাক

তারিখ 29 AUG 2012
পৃষ্ঠা ২৪ কলাম ৩

সংবাদ সম্মেলনে শিক্ষক-কর্মচারী

৭ হাজার শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত না করলে কঠোর আন্দোলন

■ ইত্তেফাক রিপোর্ট

এখনো এমপিওভুক্ত হয়নি দেশের এমন সাত হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তের দাবি জানিয়েছে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী ঐক্যজোটের নেতারা। অবিলম্বে এসব শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা না হলে ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা কঠোর আন্দোলনে যাবে বলে জানিয়েছে সংগঠনটি। গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষক-কর্মচারীরা এসব কথা বলেন।

এখনো এমপিওভুক্ত হয়নি এমন শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে পৃষ্ঠা ২ কলাম ৬

৭ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান

২৪ পৃষ্ঠার পর

রয়েছে—স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি স্কুল ও কলেজ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপনকালে কমিটির সভাপতি অধ্যক্ষ মো. এশারত আলী বলেন, এসব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় লক্ষাধিক শিক্ষক-কর্মচারী মানবেতর জীবন যাপন করলেও ১০ থেকে ১৫ বছর ধরে বিনা বেতনে শিক্ষার্থীদের শিক্ষা দিয়ে আসছেন। তাদের পক্ষে আর স্বেচ্ছাশ্রমে কাজ করা সম্ভব হচ্ছে না। অচিরেই এমপিওভুক্ত না হলে এসব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার মান নিম্নগামী হবে এবং পর্যায়ে এগুলো বন্ধ হয়ে যাবে। এতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাব্যবস্থায় সুদূরপ্রসারী বিরূপ প্রভাব পড়বে। আমাদের প্রত্যাশা ছিল- চলতি অর্থবছরে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তিতে বরাদ্দ থাকবে। কিন্তু তা না থাকায় শিক্ষক-কর্মচারীরা রাজপথে নেমেছেন।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, কর্তৃপক্ষের আশ্বাসের পরও শিক্ষাপ্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না হলে, আগামী ২ সেপ্টেম্বর প্রতি জেলায় মানববন্ধন, ৩ থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত দেশব্যাপী গণসংযোগ এবং ১১ সেপ্টেম্বর শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রেখে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান ধর্মঘট করা হবে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন- সংগঠনটির সাধারণ সম্পাদক অধ্যক্ষ তাপস কুমার কুণ্ডু, অধ্যক্ষ বিপন ঘোষাল, প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, আব্দুল হাই আল হাদী, উত্তম কুমার দাস, শিবপদ গাইন, আবু নাসের, শফিকুল ইসলাম, মশিউর রহমান, আব্দুল আলিম, শরিফুজ্জামান প্রমুখ।